

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৬৭

সোনামুড়া, ২২ জানুয়ারি, ২০২৪

সোনামুড়ায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং সোনামুড়া নগরপঞ্চায়েতের সহযোগিতায় গতকাল সোনামুড়া টাউনহলে ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উদযাপন উপলক্ষে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। সোনামুড়া নগরপঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিয়া অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে অতিথি হিসেবে নগরপঞ্চায়েতের ডেপুটি সিইও প্রবীর সাহা, সোনামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি বিষয়ক কার্যালয়ের বরিষ্ঠ তথ্য অধিকারিক অমৃত দাস সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। উপস্থিত সকল অতিথিরা অনুষ্ঠানে আলোচনায় অংশ গ্রহণ করে ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবসের প্রক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন। অনুষ্ঠানে ত্রিপুরা পূর্ণ রাজ্য দিবস উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ক্যুইজ প্রতিযোগিতা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
